

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি)
অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৩১.০০২.২৩.২৬

তারিখ: ২২ কার্তিক ১৪৩০

০৭ নভেম্বর ২০২৩

পরিপত্র

বিষয়: নামজারি আবেদন ফরম পূরণকালে কোর্ট ফি বাবদ ২০ (বিশ) টাকা অনলাইনে পরিশোধ।

বর্তমানে মিউটেশন সিস্টেমে অনলাইনে নামজারি আবেদন ফরম পূরণ করার পর কোর্ট ফি বাবদ ২০ (বিশ) টাকা এবং নোটিশ জারি ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা সর্বমোট ৭০ (সত্তর) টাকা একত্রে আবেদনকারীর নিকট হতে গ্রহণ করা হয়।

২। মিউটেশন সিস্টেম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে আবেদনকারীকে আলাদাভাবে প্রথমে অনলাইনে কোর্ট ফি বাবদ ২০ (বিশ) টাকা পরিশোধ করে নামজারি আবেদন ফরমটি ৭ (সাত) দিনের মধ্যে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ সম্পন্ন হবার পর নোটিশ জারি ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা পরিশোধ করে ফরমটি অনলাইনে জমা করতে হবে।

৩। ইহা আগামী ১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।



৭-১১-২০২৩

মোঃ খলিলুর রহমান

সচিব

ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩

ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫

ইমেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

- ১) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
- ২) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড
- ৩) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
- ৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
- ৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

- ৬) পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
- ৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
- ১১) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়
- ১২) সহকারী কমিশনার (ভূমি)
- ১৩) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ
- ১৪) অফিস কপি